# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা. তারিখ: ১৯-১০-২০২২খ্রি.

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও) সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১৯অক্টোবর,২০২২খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : নারী কর্নার সংস্কার ও পাবলিক টয়লেটে নারী সেবা সংক্রান্ত ।**

**আলোচনা:-** সদস্য সচিব প্রভাত তালুকদার শুরুতে পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সদস্য সচিব বলেন দীর্ঘদিন ধরে নারী কর্ণারটি ব্যবহার অনুপযোগী হয়ে আছে সেটিতে রং করন করনসহ কিছু আসবাব পত্রের চাহিদা রয়েছে নারীদের সেবা প্রদান লক্ষ্যে এটি সংস্কারের রাখার প্রস্তাব করেন। পাশাপাশি নারীদের পাবলিক টয়লেট গুলোতে তাদের ব্যবহারেব্যাগ মোবাইল, নানা জিনিস সমূহ রাখার কোন ব্যবস্থা নেই এটি ও করার প্রস্তাব দেন।

**সিদ্ধান্ত :-**সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং মেয়র মহোদয় বিষয়টি গুরুত্বসহাকরে নেয়ার জন্য সভাপতির দৃষ্টি আর্কষণ করেন এবং আনীত সমস্য সমূহ দ্রুত সময়ে সম্পাদনের জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** মেয়র,পৌর নির্বাহী কর্মকর্তা,নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও সদস্য সচিব।

**আলোচ্যসূচী-০২:বিবিধ।**

**আলোচনা ঃ-** বিবিধ আলোচনায় মেয়র বলেন এই কমিটি নিয়মিত তাদের কার্যক্রম পালন করছে এজন্য কমিটিকে ন্যবাদ দেন পাশাপাশি গৃহিত উদ্যোগ সমূহ যাতে টেকসই হয় সে বিষয়ে বিশেষভাবে আলোকপাত করেন। আমাদের উদ্যোক্তা তৈরী করতে পারে যাতে তারা নিজেরা উদ্যেগী হয়ে উর্পাজন করবে এবং অন্যেদের ও প্রশিক্ষন দেয়ার সার্মথ্য রাখবে। সভাপতি বলেন জেন্ডার এ্যাকশন প- ান বাস্তবায়নে সকল সদস্যদের কমিটিকে সর্বাত্মক সহযোগিতা দরকার।

**সিদ্ধান্ত ঃ** উদ্যেক্তাদের পৌরসভার পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতা ও প্রশিক্ষন কার্যক্রম আরো ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নেঃ-** মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

সভাশেষে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ............................................. সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। জনাব/জনাবা ............................................................ খাগড়াছড়ি পৌরসভা।
০৪। অফিস কপি।

# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা. তারিখ: ২৮-০৯-২০২২

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ২৮নভেম্বর,২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুর" করেন।

**আলোচ্যসূচী -১ বেগম রোকেয়া দিবস পালন সংক্রান্ত ।**

**আলোচনা:-** সদস্য সচিব সভার শুর"তে সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুর" করেন। পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সভাপতি বলেন পূর্বে ন্যায় যথারীতি আমাদের বেগম রোকেয়া দিবস পালন করতে হবে এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। ।

**সিদ্ধান্ত ঃ** পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং কমিটির সদস্যগন বলেন আগের মত বর্নাঢ্য ভাবে বেগম রোকেয়া দিবস পালন এবং প্রতিটি এলাকায় কাউন্সিলরগন এই অনুষ্ঠানের প্রচার ও অংশগ্রহনের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** মেয়র, পৌর নির্বাহী কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, ওয়ার্ড কাউন্সিলর ।

**আলোচ্যসূচী-০২: সেলাই মেশিন বিতরন ও বিবিধ আলোচনা।**

**আলোচনা ঃ-** আলোচনায় সদস্য সচিব উপরের আলেচ্যসূচীর আলোকে বলেন যে, পূর্ব সভায় সেলাই প্রশিক্ষিত দুইজন অসহায় মহিলাকে সেলাই মেশিন দেয়ার প্রস্তাবনা রয়েছে এবিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করলে মহোদয় তা প্রদানের মত প্রকাশ করেন এবং এই কমিটির সকল কাজ যাতে যথানিয়মে সুষ্ট ভাবে সম্পাদন হয় তা সভাপতি ও সদস্য সচিব কে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** রোকেয়া দিবস অনুষ্টানে সেলাই মেশিন দেয়া এবং পৌরসভার প্রতিটি ওর্য়াড বৈঠকে পৌরসেবা সম্পর্কে অবগত করা এবং কোন নাগরিক যাতে পৌরসভার সেবা হতে বঞ্চিত না হয় সে বিষয়ে সঠিক তদারিক রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নেঃ-** ওয়ার্ড কাউন্সিলর, পৌর নির্বাহী কর্মকর্তা, নারী ওশিশু বিষয়ক স্থায়ী কমিটি ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। অফিস কপি।

# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা. তারিখ: ১২-১২-২০২২

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরনি:

| | | | |
|---|---|---|---|
| সভাপতি : | সালেহা রহমান<br>কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা। | স্থান :<br>তারিখ :<br>সময় : | পৌর সম্মেলন কক্ষ<br>১২ডিসেম্বর,২০২২ খ্রি.<br>সকাল ১১.০০ ঘটিকা |

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ :ত্রৈমাসিক উঠান বৈঠক করন সংক্রান্ত ।**

**আলোচনা:-** সদস্য সচিব সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন। পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সভাপতি বলেন উঠান বৈঠক পালনের নির্দেশ পত্র পেয়েছি চলতি মাসেই আমাদের উঠান শেষ করতে হবে। সকল সদস্যদের স্ব স্ব ওয়ার্ডে উঠান বৈঠক পালনের অনুরোধ করেন। বৈঠক পালন করতে গেলে নানা ধরনের চাহিদা ও অভিযোগ উঠে আসে বিশেষ করে পৌরসেবা পরিস্কার পরিচ্ছন্ন, লাইটিং নিয়ে মহিলারা কথা বলেন এবিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং কমিটির সদস্যগন স্ব স্ব ওর্য়াডে যথা নিয়মে স্বাস্থ্যবিধি মেনে উঠান বৈঠক পালনের সিদ্ধান্ত হয়। এবং প্রতিটি এলাকায় কাউন্সিলরগন কাজের তদারকি ও চাহিদা প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, ওয়ার্ড কাউন্সিলর ।

**আলোচ্যসূচী -২ : ২২তম সেলাই প্রশিক্ষনার্থীর পরীক্ষা গ্রহন সংক্রান্ত ।**

**আলোচনা:-** সদস্য সচিব আলোচ্যসূচী নিয়ে বলেন ইতিমধ্যে সেলাই প্রশিক্ষনের চলমান ২২তম ব্যাচের প্রশিক্ষন মেয়াদ এই মাসেই শেষ হবে তাই এদের পরীক্ষা গ্রহনের তারিখ নির্ধারনের অনুরোধ করেন। এবিষয়ে মেয়র মহোদয়রে দৃষ্টি আর্কষণ করলে মহোদয় বলেন আগামী মাসের প্রেথম সপ্তাহে পরীক্ষা গ্রহনের প্রস্তাব প্রদান করেন।

**সিদ্ধান্ত :-**সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন ও সভাপতির প্রস্তাবটিকে গুরুত্বসহাকারে নিয়ে ২২তম ব্যাচ শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহনের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** পৌর নির্বাহী কর্মকর্তা, সদস্য সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। অফিস কপি।